

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
কর্মসম্পাদন ও কৌশল শাখা
www.ictd.gov.bd

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ে আওতাধীন
দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে ৪র্থ সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ সামসুল আরেফিন সচিব
সভার তারিখ	১১-০৪-২০২৩ খ্রি.
সভার সময়	দুপুর ১১.৩০ টায়
স্থান	সম্মেলনকক্ষ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতি মহোদয় সভার আলোচ্যসূচী উপস্থাপনের জন্য এ বিভাগের সিটিজেন চার্টারের সমন্বয়ক (উপসচিব, কর্মসম্পাদন ও কৌশল শাখা) কে অনুরোধ করেন। সিটিজেন চার্টারের সমন্বয়ক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থার ২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) কর্মপরিকল্পনা ও সিটিজেনস চার্টারের এ পর্যন্ত অগ্রগতি সভায় উপস্থাপন করেন। উপস্থাপনান্তে সিটিজেনস চার্টারের বাস্তবায়ন কার্যক্রম পর্যবেক্ষণ করা হয় এবং এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার সিটিজেনস চার্টার আপডেট করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। পরিশেষে উপস্থাপিত আলোচ্যসূচী অনুযায়ী সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত

(ক) পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

ক্রমিক নং	সিদ্ধান্ত	অগ্রগতি	বাস্তবায়নের হার
১.	আওতাধীন দপ্তর/সংস্থার সিটিজেনস চার্টার নিয়মিত হালনাগাদ করা হয় কিনা সে বিষয়ে মনিটরিং করতে হবে ও এ বিভাগের সিটিজেনস চার্টার নিয়মিত হালনাগাদ করতে হবে।	মনিটরিং করা হয় এবং নিয়মিত হালনাগাদ করা হয়।	১০০%
২.	কর্ম-পরিকল্পনার আওতাধীন সকল কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন আরও জোরদার করতে হবে।	যথাযথভাবে বাস্তবায়ন করা হচ্ছে।	১০০%
৩.	মন্ত্রিপরিষদ বিভাগ হতে সিটিজেনস চার্টারের ঞান্মাসিক অগ্রগতির ফিডব্যাকের নির্দেশনা অনুযায়ী সকল কার্যক্রম বাস্তবায়ন ও প্রমাণকসমূহ সরক্ষণ করতে হবে।	বাস্তবায়ন ও প্রমাণকসমূহ সংরক্ষণ করা হচ্ছে।	১০০%

(খ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর কর্ম-পরিকল্পনার এ পর্যন্ত অগ্রগতি:

ক্রম. নং	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	লক্ষ্যমাত্রা	আইসিটি বিভাগের অগ্রগতি	আইসিটি অধিদপ্তরের অগ্রগতি	বিসিসি'র অগ্রগতি	বিএইচটিপিএ'র অগ্রগতি	সিসিএ'র অগ্রগতি	ডিএসএ'র অগ্রগতি
-------------	-----------	---------------------	--------------	------------------------------	---------------------------------	---------------------	-------------------------	--------------------	--------------------


১.	[১.১] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন	[১.১.১] কমিটি পুনর্গঠিত	৪	৩	৩	৩	৩	৩	৩
২.	[১.২] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	[১.২.১] সিদ্ধান্ত বাস্তবায়িত এবং প্রতিবেদন প্রেরিত	৯০%	১০০%	১০০%	১০০%	১০০%	১০০%	১০০%
৩.	[১.৩] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন	[১.৩.১] সভা আয়োজিত	৪	৩	৩	৩	৩	৩	৩
৪.	[১.৪] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ আওতাধীন (দপ্তর/সংস্থাসহ	[১.৪.১] হালনাগাদকৃত	৪	৩	৩	৩	৩	৩	৩
৫.	[২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/ প্রশিক্ষণসেমিনার/ আয়োজন	[২.১.১] প্রশিক্ষণ/ কর্মশালা আয়োজিত	২	১	চলমান	২	১	১	১
৬.	[২.২] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন	[২.২.১] অবহিতকরণ সভা আয়োজিত	২	২	২	২	১	১	১

গ) সভার সিদ্ধান্ত: আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সিটিজেনস চার্টার অনুসরণপূর্বক আওতাধীন সকল দপ্তর/সংস্থার সিটিজেনস চার্টার প্রস্তুত করে ওয়েবসাইটে হালনাগাদ করতে হবে।	সিটিজেনস চার্টার ফোকাল পয়েন্ট আওতাধীন দপ্তর/সংস্থা
০২.	এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার সে সকল কার্যক্রম এখনো বাস্তবায়ন হয়নি সে সকল কার্যক্রম বাস্তবায়নের জন্য দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে।	এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা
০৩.	এ বিভাগের কর্মকর্তাদের সমন্বয়ে সিটিজেনস চার্টার বিষয়ক একটি প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	কর্মসম্পাদন ও কৌশল শাখা

০৪.	সে সকল কার্যক্রম ইতোমধ্যে শতভাগ সম্পন্ন হয়েছে। সে সকল কার্যক্রমের প্রমাণকসমূহ সংরক্ষণ করতে হবে।	সিটিজেনস চার্টার ফোকাল পয়েন্ট আওতাধীন দপ্তর/সংস্থা
-----	--	--

(ঘ) অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।



১২-০৪-২০২৩

মোঃ সামসুল আরেফিন

সচিব

secretary@ictd.gov.bd

নম্বর: ৫৬.০০.০০০০.০৫০.০৫.০০৬.২১.৪২

তারিখ: ২৯ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
১২ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। দপ্তর/সংস্থা/এজেন্সি প্রধান (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
- ২। যুগ্মসচিব, আইন ও পলিসি অনুবিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
- ৩। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য] এবং
- ৪। প্রোগ্রামার, ডিজিটাল কো-অপারেশন শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ [এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো]।



১৬-০৪-২০২৩

এস. এম. শফিক

উপসচিব